

টয়লেটের আদব

১. টয়লেটে প্রবেশের সময় বলতে হবে: بِسْمِ اللَّهِ أَعُوذُ بِاللهِ مِنَ الْخُبْثِ
وَالْخَبَائِثِ

২. টয়লেটে প্রবেশের সময় আগে বাম পা দিয়ে ঢুকতে হবে।

৩. টয়লেটে যাওয়ার সময় সাথে করে এমন কিছু নিয়ে যাওয়া উচিত নয় যাতে আল্লাহর নাম লেখা বা খোদাই করা আছে। তবে রাখার জায়গা না পেলে বা হারিয়ে যাওয়ার ভয় থাকলে নেয়া যাবে, তখন তা যথাসম্ভব লুকিয়ে রাখার চেষ্টা করতে হবে।

৪. টয়লেটের কাজটি মানুষের নিকট থেকে দূরে এবং নিজেকে আড়াল করে নিয়ে সারতে হবে।

৫. ওলামাদের এক দলের মতে দাঁড়িয়ে প্রস্রাব করা বৈধ নয়। আর এক দল ওলামার মতে দাঁড়িয়ে প্রসাব করার অনুমোদন রয়েছে বিশেষ করে যদি প্রস্রাব গায়ে বা জামায় লাগার ভয় না থাকে।

৬. মানুষ চলাচল করে এমন পথের উপর, মানুষ বিশ্রাম নেয় এমন ছায়ায়, ফল ধরেছে এমন গাছের গোড়ায় এবং গর্তে মল-মূত্র ত্যাগ করার ব্যাপারে হাদীসে নিষেধ এসেছে।

৭. সরাসরি কিবলার দিকে মুখ করে বা কিবলার দিকে পিছন ফিরে মল-মূত্র ত্যাগ করা মাকরূহ বা অপছন্দনীয়, তবে হারাম নয়।

৮. টয়লেটে বসার সময় বাম পায়ের উপর ভর দিয়ে বসতে হবে বা সূর্য বা চাঁদের দিকে মুখ করে বসা যাবে না—এ মত কোনও কোনও ‘উলামা দিয়েছেন কিন্তু কোনওটিই সহীহ্ বর্ণনা দ্বারা প্রমাণিত নয়।

৯. প্রস্রাব করার পর পবিত্রতা অর্জনের উদ্দেশ্যে গোপন অঙ্গ ধরে নাড়াচাড়া বা ঝাঁকি দেয়া ঠিক নয়। এটি শয়তানের ওয়াসওয়াসার পথ সুগম করে দেয়। প্রস্রাব শেষ হয়ে গেলে গোপন অঙ্গের মাথায় পানি দিয়ে ধুয়ে চলে আসাই যথেষ্ট।

১০. টয়লেটে বসে বা অন্য যে কোনও সময়েই ডান হাত দিয়ে গোপন অঙ্গ স্পর্শ করা উচিত নয়।

একটি ইবানা মিডিয়া প্রকাশনা